

## শিক্ষার অনাকুল পরিবেশ সৃষ্টি করুন : এরশাদ

প্রেসিডেন্ট ও প্রধান সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল এইচ এম এরশাদ শিক্ষকদের প্রতি ভবিষ্যৎ বংশধরদের জন্য উপযুক্ত শিক্ষার অনাকুল পরিবেশ সৃষ্টিতে সহায়তা করার আহ্বান জানিয়েছেন।

বাসস পরিবেশিত এ খবরে বলা হয়, প্রেসিডেন্ট শনিবার বিকেলে ঢাকায় বঙ্গভবনে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির কেন্দ্রীয় কমিটির সদস্যদের সঙ্গে আলাপ করছিলেন।

প্রেসিডেন্ট বলেন, প্রাথমিক শিক্ষকরা শিশুদের সঠিক পথে পরি-

(৫-এর পৃষ্ঠা দ্রঃ)

## এরশাদ

(১ম পৃষ্ঠা পর)

দলনা ও যোগ্য নাগরিক হিসাবে গড়ে তোলার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন। আপনারা কাঁচমন নিয়ে নাড়াচাড়া করেন। ঠিকমতো গভতে পারলে তা জাতির আসল সম্পদ হয়ে উঠতে পারে বলে তিনি মন্তব্য করেন।

প্রেসিডেন্ট বলেন, আপনারদের জন্য আমরা আরও বেশী করার চেষ্টা করছি, যাতে আপনারা আপনার মহান পেশায় সর্বাত্মকরূপে এবং সম্মিলিতভাবে আত্মনিয়োগ করতে পারেন।

প্রেসিডেন্ট তাঁদের সঙ্গে তাঁদের সমস্যাগুলি নিয়ে খোলাখুলিভাবে হাত বিনিময় করেন। তিনি তাঁদের আশ্বাস দেন যেসব সমস্যা তারা তুলে ধরেছেন সেগুলো তিনি দেখবেন। আপনারদের আমি অত্যন্ত শ্রদ্ধার চোখে দেখি। আপনারদের সমস্যা সমাধানে সহায়তা করতে পারলে আমি সত্যিই খুব খুশী হব বলে তিনি জানান।

এর আগে : সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদ ও সাধারণ সম্পাদক কাজী আবুল কাশেম ফজলুল হক জেনারেল এরশাদের অনুরোধে নীতিসমূহ এবং শিক্ষকদের অবস্থা উন্নয়নে ও সামাজিকভাবে শিক্ষা প্রসারে তার ব্যক্তিগত উদ্যোগ ও আগ্রহের ভূয়সী প্রশংসা করেন।

পরে প্রেসিডেন্ট শিক্ষকদের সঙ্গে চাপানে মিলিত হন এবং তাঁদের সঙ্গে পয়লা বৈশাখ তথা নববর্ষের শুভেচ্ছা বিনিময় করেন।